বাংলাদেশের সুবর্ণ জয়ন্তী Bangladesh 50

মুজিববর্ষ ১০০

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি


সারিয়াকান্দি পৌরসভা কার্যালয়
সারিয়াকান্দি, বগুড়া।
স্থাপিত-১৯৯৯

www.sariakandipourashava.gov.bd Email: sariakandipourasava@gmail.com


স্মারক নং সাকাপ/প্রঃবিঃ/২০২৩-২৪/ তারিখঃ ১০/০৩/২০২৪ইং।

# ওয়ার্ড সমন্বয় কমিটি (WC) সভা/২০২৪

এতদ্বারা আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৩/০৩/২০২৪ খ্রিঃ রোজ শনিবার সকাল ১০.৩০ ঘটিকায় সারিয়াকান্দি পৌরসভার ০৫ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়ে WC সভা আহ্বান করা হয়েছে। উক্ত সভায় আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করছি।

আলোচ্য বিষয় সমূহঃ

০১। উন্নয়ন বিষয়ে আলোচনা।
০২। পৌরসভার হোল্ডিং কর পরিশোধ প্রসঙ্গে আলোচনা।
০৩। জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ে আলোচনা।
০৪। বিবিধ আলোচনা।

(মোঃ মামুনুর রশিদ)
সভাপতি
WC কমিটি
ও
কাউন্সিলর, ওয়ার্ড নং ০৫
সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।

বিতরণঃ

০১। জনাব ..........................................
..................................................
WC কমিটির সকল সদস্য বৃন্দ, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।

০২। জনাব ..........................................
পিতা/স্বামী..........................................
ওয়ার্ড..........নং ওয়ার্ড, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।

বাংলাদেশের সুবর্ণ জয়ন্তী Bangladesh 50

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

সারিয়াকান্দি পৌরসভা কার্যালয়
সারিয়াকান্দি, বগুড়া।
স্থাপিত-১৯৯৯

www.sariakandipourashava.gov.bd Email: sariakandipourasava@gmail.com

# ওয়ার্ড সমন্বয় কমিটি (WC) সভার কার্য্য বিবরণী/২০২৪, সভা নং-০৬

সভাপতি ঃ জনাব মোঃ মামুনুর রশীদ, কাউন্সিলর, ওয়ার্ড-০৫, সারিয়াকান্দি পৌরসভা,বগুড়া।

তারিখ ঃ ২৩/০৩/২০২৪ ইং, রোজ- শনিবার ।

সময় ঃ সকাল- ১০.৩০ ঘটিকা ।

স্থান ঃ ০৫ নং ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়, সারিয়াকান্দি, বগুড়া।

অদ্যকার সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর অদ্যকার সভার আলোচ্য সূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচ্য সূচী ০১ ঃ গত সভার কার্য্য বিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে।

আলোচনা ও সিদ্ধান্ত ঃ পূর্ববর্তী সভার কার্য্যবিবরণী পাঠান্তে সর্ব সম্মতি ক্রমে অনুমোদিত হয়।

আলোচ্য সূচী ০২ ঃ উন্নয়ন বিষয়ে আলোচনা ।

আলোচনা ও সিদ্ধান্ত ঃ অদ্যকার সভায় উন্নয়ন বিষয়ে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভার সদস্য জনাব মোঃ ভোলা প্রাং বলেন যে, কুঠিবাড়ী ০৫ নং ওয়ার্ড আবু রায়হান বাদল এর বাড়ীর গেট হইতে গোলার বাড়ী পর্যন্ত রাস্তা সম্প্রসারণ ও পুন নির্মান দাবি এবং ড্রেন নির্মানের দাবি করেন। উক্ত সভায় জনাব রফিকুল ইসলাম, তিনি সকল সদস্যবৃন্দকে অবগত করেন, কুঠিবাড়ী গ্রামের বিভিন্ন রাস্তার উন্নয়নের কথা তুলে ধরেন এবং অত্র কুঠিবাড়ী এলাকার ময়লা রাখার জন্য ডাষ্টবিন নির্মান ও পানি নিষ্কাশনের জন্য ড্রেন ও পানি সরবরাহের দাবি জানান। সেই সাথে নিম্ন আয় মানুষের আয় বর্ধন ও উন্নয়নের জোড় দাবি করেন এবং এলাকার মানুষের জন্ম ও মৃত্যু নিবন্ধন সুনিশ্চিত করার জন্য সুপারিশ করেন উক্ত সভায়। উক্ত সভায় জনাব মোছাঃ শাকিলা আকতার, সদস্য, তিনি জানান, ০৫ নং ওয়ার্ডে জামাতপাড়া রাস্তা সংস্কার ও ড্রেন নির্মান এবং পাশাপাশি রোড লাইটের দাবি করেন। সভায় জনাব সোলেমান প্রাং সদস্য, তিনি জানান কুঠিবাড়ী আঃ খালেকের বাড়ী হইতে রুবির বাড়ী পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মাণের জন্য উক্ত সভায় মেয়র মহোদয়ের নিকট দাবি জানান এবং জনাব শ্রী বিকাশ সাহা, সদস্য, তিনি জানান, ০৫ নং ওয়ার্ডের সার্বিক উন্নয়ন সহ কুঠিবাড়ী জামে মসজিদ হইতে উপজেলা মেইন রাস্তা পর্যন্ত সি,সি রাস্তা নির্মানের দাবি। উক্ত সকলসদস্য বৃন্দের বিস্তারিত আলোচনার পর সভাপতি মহোদয় উক্ত বিষয় নিয়ে পৌর মাসিক সভায় উপস্থাপনা করা হবে বলে সম্মতি দেন এবং তাহা সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচ্য সূচী ০৩ ঃ পৌরসভার হোল্ডিং কর পরিশোধ প্রসঙ্গে আলোচনা।

আলোচনা ও সিদ্ধান্ত ঃ অদ্যকার সভায় পৌরসভার হোল্ডিং কর পরিশোধ বিষয়ে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন যে, অত্র পৌরসভার ০৫ নং ওয়ার্ডে কুঠিবাড়ী গ্রামের সকল নাগরিকগন যাতে পৌর কর সময়মত পরিশোধ করে এবং নাগরিক সেবা সঠিক ভাবে পায় সেদিকে লক্ষ্য রাখতে হবে এবং উঠান বৈঠক ও খেলাপী পৌর কর আদায়ের জন্য নোটিশ প্রদান করা যেতে পারে বলে সভায় উত্থাপন করেন। এ বিষয়ে উপস্থিত সকল সদস্য বৃন্দ একমত পোষন করেন এবং পৌর মাসিক সভায় উপস্থাপন বিষয়ে সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচ্য সূচী ০৪ ঃ জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে আলোচনা।

আলোচনা ও সিদ্ধান্ত ঃ উক্ত সভায় জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে সভায় আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে জনাব মোঃ মতিউর রহমান, সদস্য, নির্দেশনা দেন যে, অত্র পৌরসভার ০৫ নং ওয়ার্ডে কুঠিবাড়ী গ্রামে শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন এবং মৃত্যুর ৪৫ দিনের মধ্যে মৃত্যু নিবন্ধনের জন্য উক্ত সভায় সকলকে আহ্বান জানান। এ বিষয়ে উপস্থিত সকল সদস্যবৃন্দের সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত সভায় গৃহিত হয়।

আলোচ্য সূচী ০৫ ঃ বিবিধ আলোচনা নাই ।

অতপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্য কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষনা করেন।

26/03/24

(মোঃ মামুনুর রশীদ)
সভাপতি
WC কমিটি
ও
কাউন্সিলর, ওয়ার্ড নং ০৫
সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।

# উপস্থিতি শীট

পৌরসভার নাম ঃ সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।

ওয়ার্ড সমন্বয় কমিটি (WC) ---০৬--- নং সভা

সভার স্থান ঃ কুঠিবাড়ী, ০৫ নং ওয়ার্ড কাউন্সিলর এর কার্যালয়।

সভার তারিখ ঃ ---২৬/০৩/২০২৪---

সময় ঃ ---সকাল ১০.৩০---

| ক্রমিক নং | নাম ও ঠিকানা | কমিটিতে পদবী | দস্তখত ও তারিখ |
|---|---|---|---|
| ০১ | মোঃ মামুনুর রশীদ<br>কাউন্সিলর ওয়ার্ড নং ০৫ (পাঁচ),<br>সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সভাপতি | |
| ০২ | মোছাঃ শেফালী বেগম<br>কাউন্সিলর, সংরক্ষিত আসন-০৪,০৫,০৭<br>সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সহ-সভাপতি | |
| ০৩ | মোঃ মতিউর রহমান<br>মেয়র<br>সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সদস্য | |
| ০৪ | মো: শফিকুল ইসলাম<br>পিতা- মৃত. তারিফুল্ল্যা প্রাং<br>কুঠিবাড়ী, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সদস্য | |
| ০৫ | মো: ভোলা প্রাং<br>পিতা- মৃত. গেদা প্রাং<br>কুঠিবাড়ী, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সদস্য | |
| ০৬ | রফিকুল ইসলাম<br>পিতা- ডা: জামাল উদ্দিন<br>কুঠিবাড়ী, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সদস্য | |
| ০৭ | মো: সোলেমান প্রাং<br>পিতা- মৃত. মোবারক আলী প্রাং<br>কুঠিবাড়ী, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সদস্য | |
| ০৮ | কানিজ নাসরিন<br>স্বামী- জাকা রিয়া সরকার রিক্তা<br>কুঠিবাড়ী, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সদস্য | |
| ০৯ | শাকিলা শারমিন<br>স্বামী- মোঃ মামুনুর রশিদ তরফদার<br>কুঠিবাড়ী, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সদস্য | |
| ১০ | শ্রী বিকাশ কুমার সাহা<br>পিতা- মৃত. বিমল কুমার সাহা<br>কুঠিবাড়ী, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সদস্য | |
| ১১ | মোঃ শফি মাহমুদ, সহকারী প্রকৌশলী ও পৌর নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত), সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সদস্য-সচিব | |